



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/26/2021

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল শীতকালীন বিস্তারকে সামনে রেখে দুঃস্থ বাড়ির মালিকদের সমর্থনে
নির্বাহী আদেশে স্বাক্ষর করলেন

*স্থানীয় সরকারগুলিকে নিম্ন আয়ের বৃদ্ধি ও অক্ষমতাসহ ব্যক্তিদের সম্পত্তির কর
মওকুফের মেয়াদ বৃদ্ধি নবায়ন করার জন্য সশরীরে উপস্থিত থাকার আবশ্যিকতা রদ
করার অনুমতি দেয়*

*এছাড়াও নির্বাহী আদেশ ল্যাবগুলিকে পরীক্ষা করার ক্ষমতা বৃদ্ধি ও বিলম্ব কমানোর
জন্য নিউ ইয়র্কের নমুনার জন্য কোভিড-19 পরীক্ষা করতে স্টেটের বাইরের
ফ্যাসিলিটি ব্যবহারের অনুমতি প্রদান করে*

*আইনসভাকে ওপেন মিটিংস আইনের অধীনে প্রয়োজনমতো দূরবর্তী মিটিং করতে
দেয়, যা 15 জানুয়ারি শেষ হবে*

গভর্নর হোকল আজকে একটি [নির্বাহী আদেশে](#) স্বাক্ষর করেছেন যা বর্তমান কোভিড-19
আক্রান্তের সংখ্যা বিস্তারের সময় দুঃস্থ বাড়ির মালিকদের সমর্থনে সাহায্য করবে। নির্বাহী
আদেশ স্থানীয় সরকারগুলিকে নিম্ন আয়ের বৃদ্ধি ও অক্ষমতাসহ ব্যক্তিদের সম্পত্তির কর
মওকুফের মেয়াদ বৃদ্ধি নবায়ন করার জন্য সশরীরে উপস্থিত থাকার আবশ্যিকতা রদ করার
অনুমতি দেয়।

"আমরা এই শীতকালীন বিস্তারের সাথে লড়াই করার সময় আমাদের সবথেকে দুঃস্থ
প্রতিবেশীদের রক্ষা করতে সকল হাতিয়ার ব্যবহার করছি," **গভর্নর হোকল বলেন।** "হাজার
হাজার নিম্ন আয়ের বৃদ্ধি ব্যক্তি ও অক্ষমতাসহ ব্যক্তি যারা সম্পত্তির কর মওকুফের উপর
নির্ভরশীল, তাদের নিজেদের বাড়িতে টিকে থাকার জন্য নিজেদের স্বাস্থ্য ও নিরাপত্তাকে
ঝুঁকিগ্রস্ত করতে হওয়া উচিত না। এই আদেশের দ্বারা আমি স্থানীয় সরকারগুলিকে অনুমতি
দিচ্ছি যে তারা নিজেদের বিবেচনা ব্যবহার করে বৃদ্ধদের কোভিড19 থেকে রক্ষা করতে পারবে,
যাদের সবথেকে বেশি প্রয়োজন তাদের কর অব্যাহতি দিতে পারবে, এবং এই শীতকালে দুঃস্থ
নিউ ইয়র্কবাসীদের তাদের বাড়ি হারাতে দিবে না।"

গভর্নরের নির্বাহী আদেশে রয়েছে জনস্বাস্থ্য রক্ষায় দুইটি অতিরিক্ত পদক্ষেপ যেহেতু নিউ ইয়র্ক
স্টেট ওমিক্রন ভ্যারিয়েন্ট এবং আক্রান্তের সংখ্যা বৃদ্ধির বিরুদ্ধে লড়াই করছে। পরীক্ষা করানোর
বর্ধিত চাহিদার মধ্যে, গভর্নর হোকলের আদেশ সনদপ্রাপ্ত ক্লিনিক্যাল ল্যাবরেটরিগুলিকে পরীক্ষা

করানোর ক্ষমতার সমস্যা প্রশমনে নিউ ইয়র্কবাসীদের কোভিড19 পরীক্ষার জন্য স্টেটের বাইরের ফ্যাসিলিটি ব্যবহার করার অনুমতি প্রদান করে।

পাশাপাশি, আদেশটি নিউ ইয়র্ক স্টেট সিনেট ও অ্যাসেম্বলিকে 15 জানুয়ারি পর্যন্ত প্রয়োজনমতো দূরবর্তী মিটিং করার অনুমতি প্রদান করে, যা সেপ্টেম্বরে পাশ হওয়া বিধিমালায় সাথে সঙ্গতিপূর্ণ যা বর্তমানে অন্যান্য সরকারি সংস্থার জন্য প্রযোজ্য আছে। আইনটি সরকারি সংস্থাগুলিকে দূরবর্তী মিটিং করার অনুমতি প্রদান করে কিন্তু মিটিংয়ের বিষয়বস্তু সকলের জন্য উপলভ্য করা আবশ্যিক করে।

গভর্নরের নির্বাহী আদেশের অধীনে, স্থানীয় সরকার স্বয়ংক্রিয়ভাবে 2021 সালে বেনিফিট পাওয়া সকল সম্পত্তির মালিকদের জন্য 2022 সালের বেনিফিট নবায়ন করতে পারে, যদি না স্থানীয় সরকারের এমন বিশ্বাস করার কারণ থাকে যে ব্যক্তিটি তার প্রাথমিক ঠিকানা পরিবর্তন করেছে, দলিলে আরেকজন মালিক যোগ করেছে, সম্পত্তিটি নতুন মালিকের কাছে হস্তান্তর করেছে, অথবা মারা গেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418